গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, ঢাকা।
কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.dch.gov.bd

নথি নং- ৫-কাস-১২(২৪)/নিলাম/প্রকাশ্য নিলাম/২৫ তারিখ: /১১/২০২৬ খ্রি.

বিষয়: কাস্টমস হাউস, ঢাকা'র প্রকাশ্য নিলাম নং-০২/২০২৬ আয়োজন এবং প্রচারণা/মাইকিংকরণ।

আগামী ২৪/১১/২০২৬ খ্রি. তারিখে প্রকাশ্য নিলাম নং-০২/২০২৬ এর মাধ্যমে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের অধিক্ষেত্রাধীণ গেট-৯ এ অবস্থিত কাস্টমস হাউস,ঢাকা'র এক্সপ্রেস সার্ভিস ইউনিটের ১৯টি কুরিয়ার সার্ভিসে রক্ষিত নিলামযোগ্য পণ্য যেখানে যে অবস্থায় রক্ষিত আছে সে ভিত্তিতে কাস্টমস আইন,২০২৩ এর ধারা ৯৪ এবং নিলামের স্থায়ী আদেশ ৪৩/কাস্টমস/২০২৬ এর অনুচ্ছেদ (০৭) এর (২) এর (খ) এর (অ)(৩) এর ক্ষমতাবলে প্রকাশ্য নিলাম এর মাধ্যমে বিক্রি করা হবে।

-শর্তাবলী-

১। নিলাম নং ও অনুষ্ঠানের তারিখ: প্রকাশ্য নিলাম নং:০২/২০২৬, তারিখ: ২৪/১১/২০২৬ খ্রি.। সময় ১২:০০ ঘটিকায় কাস্টমস হাউস, ঢাকা'র সম্মেলন কক্ষে উপস্থিত দরদাতাদের সম্মুখে অনুষ্ঠিত হবে।

২। পত্রিকা প্রকাশের তারিখ: ১৮/১১/২০২৬ খ্রি.[১ম সারির সার্কুলেশন অনুযায়ী জাতীয় দৈনিকের ক্রমিক নং-০১ থেকে ০৫ এর মধ্যে হবে]।

৩। মাইকিংকরণের তারিখ: ১৮/১১/২০২৬ খ্রি. ও ১৯/১১/২০২৬ খ্রি. এবং ২২/১১/২০২৬ খ্রি. পর্যন্ত, সময়ঃ সকাল ১০:০০ থেকে বিকাল ৫:০০ পর্যন্ত কমপক্ষে ২(দুই) কিলোমিটার পর্যন্ত চর্তুদিকে এবং নিকটবর্তী বাজারে মাইকিং করতে হবে।

৪। নিলামে অংশগ্রহণকারীকে নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবে-

(ক) দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে : হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন, টিআইএন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র;
(খ) ব্যক্তির ক্ষেত্রে : জাতীয় পরিচয়পত্র, টিআইএন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র।

৫। সর্বোচ্চ দরদাতার অনুকূলে বিক্রয় আদেশ প্রদান করা হবে।

৬। যেখানে যে অবস্থায় পণ্য রয়েছে সে অবস্থায় এক্সপ্রেস সার্ভিস ইউনিট হতে বুঝে নিতে হবে। প্রত্যহ দিনের আলোতে পণ্য সরবরাহ/গ্রহণ করতে হবে।

৭। সংশ্লিষ্ট কুরিয়ার প্রতিষ্ঠানের প্রতিনিধি ও কাস্টমস হাউস ঢাকা'র এক্সপ্রেস সার্ভিস ইউনিট এর প্রতিনিধি পণ্য হস্তান্তর করবেন।

৮। প্রকাশ্য নিলামে অংশগ্রহণের জন্য আগ্রহী দরদাতাকে সংরক্ষিত মূল্য ৯৫,৭২৭৮৯.১১ (পঁচানব্বই লক্ষ বাহাত্তর হাজার সাতশত উনানব্বই দশমিক এক এক) টাকা ৫% হারে জামানত বাবদ ৪,৭৮,৬৪০ (চার লক্ষ আটাত্তর হাজার ছয়শত চল্লিশ) টাকা পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদান করতে হবে। নিলামের সর্বোচ্চ দরদাতার অনুকূলে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে বিক্রয় আদেশ প্রদান করা হবে। সর্বোচ্চ দরমূল্য ১০০% বাবদ টাকা ট্রেজারি কোড নং-১১১০২০৩১০২০০৯-১১৫১১০৫-কাস্টমস অকশন (নিলাম); মূল্য সংযোজন কর (মূসক) ১৫% বাবদ ট্রেজারি কোড নং-১১১০২০৪১০২০১৭-১১৪১১০১-দেশজ পণ্য ও সেবার উপর মূসক এবং এআইটি ১০% বাবদ ট্রেজারি কোড নং-১১১০২১৫১০২৪৩০-১১১২১০১-অগ্রিম আয়কর (এআইটি) সরকারি কোষাগারে 'এ চালান' (Automated Challan) এর মাধ্যমে বিক্রয় আদেশ জারির ০১ (এক) কার্যদিবসের মধ্যে জমা দিতে হবে। বিক্রয় আদেশ জারির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে পণ্য খালাস নিতে হবে। পণ্য খালাস নিতে ব্যর্থ হলে বিক্রয় আদেশ বাতিল বলে গণ্য হবে এবং পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বাজেয়াপ্ত হবে।

৯। তবে কোন পণ্যের বিপরীতে মামলা/রিট/আপিল থাকলে তা যে কোন সময় বাতিল বলে গণ্য হবে। এছাড়া ক্যাটালগভুক্ত পণ্যের ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯ অনুযায়ী শর্ত প্রযোজ্য থাকলে নিলাম প্রাপ্তকে অফার লেটার/বিক্রয় আদেশ প্রদানের ১৫ (পনেরো) দিনের মধ্যে শর্ত পূরণ করতে হবে। অন্যথায় উক্ত পণ্য ব্যতিরেকে নিলামের অন্যান্য পণ্য গ্রহণ করতে হবে। এছাড়া নিলামের স্থায়ী আদেশানুযায়ী নিলামে বিক্রয় প্রযোজ্য নহে এরূপ পণ্য সংশ্লিষ্ট লটে অন্তর্ভূক্ত থাকলে ক্যাটালগভুক্ত উক্ত পণ্য ব্যতীত অন্যান্য পণ্য খালাস গ্রহণ করতে হবে।

১০। প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক দরদাতাগণ আগামী ২৩/১১/২০২৬ খ্রি. তারিখ বেলা ১০.০০ টা থেকে ১.০০ টা পর্যন্ত নিলামকারী মেসার্স কে এম কর্পোরেশন ((i) ৮০, মতিঝিল বা/এ, ঢাকা (ii) ৩০৬, স্ট্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম (iii) কাস্টমস হাউস, কুর্মিটোলা, ঢাকা (মোবাইল নং-০১৮২৩-৫৩০২২৫)) এর সাথে যোগাযোগ করে গেট-৯ এ অবস্থিত কাস্টমস হাউস,ঢাকা'র এক্সপ্রেস সার্ভিস ইউনিটের ১৯টি কুরিয়ার সার্ভিসে রক্ষিত নিলামযোগ্য পণ্য সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।

১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন নিলাম বাতিল/গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

CamScanner

সংযুক্তি: প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি।

(এ এস এম আকরাম সম্রাট)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস এর পক্ষে

মেসার্স কে এম কর্পোরেশন (সরকারি নিলামকারী),
৮০, মতিঝিল বা/এ, ঢাকা।

নথি নং- ৫-কাস-১২(২৪)/নিলাম/প্রকাশ্য নিলাম/২৫/১৩৫৩৬ (৬)

তারিখ: ১৭ /১১/২০২৬ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

০১। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭ (নিলাম দরপত্রের বিজ্ঞপ্তি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে (www.nbr.gov.bd) প্রকাশের অনুরোধসহ)।
০২। দ্বিতীয় সচিব (কাস্টমস গোয়েন্দা ও নিলাম), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭ ।
০৩। মোঃ শরিফুল ইসলাম, অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস ও সদস্য সচিব, নিলাম পরিচালনা কমিটি ,কাস্টমস হাউস, ঢাকা [নিলাম পরিচালনার নির্দেশনা সহ পণ্য পরিদর্শন কার্যক্রম]।
০৪। সহকারী ইডিপি ম্যানেজার, কাস্টমস হাউস, ঢাকা (তাঁকে নিলাম দরপত্রের বিজ্ঞপ্তি এ দপ্তরের ওয়েবসাইটে (www.dch.gov.bd) প্রকাশের ব্যবস্থার অনুরোধসহ)।
০৫। পিএ টু কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। নোটিশ বোর্ড, কাস্টমস হাউস, ঢাকা।

17.11.26

(এ এস এম আকরাম সম্রাট)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, ঢাকা
কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.dch.gov.bd

প্রকাশ্য নিলাম দরপত্রের বিজ্ঞপ্তি:

আগামী ২৪/১১/২০২৬ খ্রি. তারিখে প্রকাশ্য নিলাম নং-০২/২০২৬ এর মাধ্যমে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের অধিক্ষেত্রাধীণ গেট-৯ এ অবস্থিত কাস্টমস হাউস, ঢাকা'র এক্সপ্রেস সার্ভিস ইউনিটের ১৯টি কুরিয়ার সার্ভিসে রক্ষিত নিলামযোগ্য পণ্য যেখানে যে অবস্থায় রক্ষিত আছে তা প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থা/ব্যবসায়ীগণ উক্ত প্রকাশ্য নিলামে অংশগ্রহণ করতে পারবেন। বিস্তারিত তথ্যের জন্য এ দপ্তরের ওয়েবসাইট www.dch.gov.bd ও জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট www.nbr.gov.bd ভিজিট এবং নিলামকারী মেসার্স কে এম কর্পোরেশন [(i) ৮০, মতিঝিল বা/এ, ঢাকা (ii) ৩০৬, স্ট্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম (iii) কাস্টমস হাউস, কুর্মিটোলা, ঢাকা (মোবাইল নং-০১৮২৩-৫৩০২২৫)] এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

17.11.26

(এ এস এম আকরাম সম্রাট)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা
ও
সদস্য সচিব, নিলাম কমিটি।
Email: dch@nbr.gov.bd

E:\FARZU 2026\কুরিয়ার ইউনিটের প্রকাশ্য নিলাম\প্রকাশ্য নিলামের দরপত্রের বিজ্ঞপ্তি\বিজ্ঞপ্তি.Doc

CamScanner